# প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ এর জেলা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ অমল কৃষ্ণ মন্ডল, জেলা প্রশাসক, পঞ্চগড়। |
| স্থান | ঃ জেলা প্রশাসক, পঞ্চগড় এর সম্মেলন কক্ষ। |
| তারিখ | ঃ ১৩ নভেম্বর ২০১৭ |
| সময় | ঃ দুপুর ২:৩০ টা |

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,পঞ্চগড় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা হতে প্রাপ্ত প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৬ এর নীতিমালা, নির্দেশিকা, কর্মপরিকল্পনা, পরীক্ষার সময়সূচি এবং উপজেলা ভিত্তিক কেন্দ্রের সংখ্যা ও নাম সভায় পড়ে শোনান । তিনি জানান , উক্ত পরীক্ষায় জেলায় মোট প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ছাত্র-৯৪৫৫ ছাত্রী-১০৮০৪ মোট ২০২৫৯ জন (ইংরেজি ভার্সন-৬ জন) এবং ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় ছাত্র-৯৩৯ ছাত্রী- ৫৯৯ মোট ১৫৩৮ জন পরীক্ষার্থীর ৪৮টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। নিম্নে কেন্দ্রসমূহের তালিকা প্রদত্ত হলো।

প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ এর পরীক্ষা কেন্দ্রমূহঃ

| ক্র. নং | জেলা | উপজেলা | পরীক্ষা কেন্দ্রের নাম | প্রাশিসপ মোট পরীক্ষার্থী (ইংরেজি ভার্সনসহ) | | | ইশিসপ মোট পরীক্ষার্থী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ছাত্র | ছাত্রী | মোট | ছাত্র | ছাত্রী | মোট |
| ১ | পঞ্চগড় | আটোয়ারী | মির্জাপুর উচ্চ বিদ্যালয় | ২০৮ | ২৭২ | ৪৮০ | ৪১ | ১০ | ৫১ |
| ২ | | | তোড়িয়া উচ্চ বিদ্যালয় | ১৫৪ | ২০৫ | ৩৫৯ | ৩০ | ১১ | ৪১ |
| ৩ | | | আলোয়াখোয়া তফলিশী উচ্চ বিদালয় | ২৫৭ | ২৭৩ | ৫৩০ | ১০ | ১ | ১১ |
| ৪ | | | রাধানগর বালিকা বিদ্যালয় | ২৬৮ | ২৯৪ | ৫৬২ | ২০ | ৩ | ২৩ |
| ৫ | | | বলরামপুর উচ্চ বিদ্যালয় | ১৮২ | ২১০ | ৩৯২ | ৩০ | ১২ | ৪২ |
| ৬ | | | ধামোর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় | ১৬৭ | ১৯১ | ৩৫৮ | ১২ | ১৬ | ২৮ |
| | | | **উপজেলার মোট** | **১২৩৬** | **১৪৪৫** | **২৬৮১** | **১৪৩** | **৫৩** | **১৯৬** |
| ৭ | পঞ্চগড় | তেতুলিয়া | সিপাইপাড়া উচ্চ বিদ্যালয় | ১৫১ | ১৪৩ | ২৯৪ | ২৯৪ | ৪ | ৫ |
| ৮ | | | ফকিরপাড়া উচ্চ বিদ্যালয় | ২০১ | ২২৩ | ৪২৪ | ৪২৪ | ১৬ | ১০ |
| ৯ | | | তেতুলিয়া পাইলট উচ্চ বিদ্যালয় | ২১৫ | ২১৭ | ৪৩২ | ৪৩২ | ১৯ | ৪ |
| ১০ | | | মাঝিপাড়া উচ্চ বিদ্যালয় | ১৯৯ | ২৫৬ | ৪৫৫ | ৪৫৫ | ৫০ | ৩১ |
| ১১ | | | নাওয়াপাড়া উচ্চ বিদ্যালয় | ১১৪ | ১১৪ | ২২৮ | ২২৮ | ৪ | ৮ |
| ১২ | | | বেগম খালেদা জিয়া বালিকা উচ্চ বিদ্যালয় | ১৮৯ | ২৩৫ | ৪২৪ | ৪২৪ | ৩৮ | ৩৫ |
| ১৩ | | | ভজনপুর উচ্চ বিদ্যালয় | ২৫৭ | ৩১১ | ৫৬৮ | ৫৬৮ | ২৫ | ২৭ |
| | | | **উপজেলার মোট** | **১৩২৬** | **১৪৯৯** | **২৮২৫** | **১৫৬** | **১২০** | **২৭৬** |
| ১৪ | পঞ্চগড় | দেবীগঞ্জ | ভাউলাগঞ্জ আলিম মাদ্রাসা | ১৫৭ | ২৩২ | ৩৮৯ | ২ | ১ | ৩ |
| ১৫ | | | ভাউলাগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয় | ৮৪ | ৮৭ | ১৭১ | ৪৪ | ৪০ | ৮৪ |
| ১৬ | | | শালডাঙ্গা উচ্চ বিদ্যালয় | ২০৪ | ২০৪ | ৪০৮ | ০ | ৩ | ৩ |
| ১৭ | | | দেবীগঞ্জ এন এন সরকারি বালক উচ্চ বিদ্যালয় | ১৮১ | ১৮৯ | ৩৭০ | ১১ | ৯ | ২০ |
| ১৮ | | | শেরে বাংলা সরকারি প্রাথমিক বিদ্যালয় | ৭৬ | ১০৯ | ১৮৫ | ৩ | ০ | ৩ |
| ১৯ | | | পামুলী উচ্চ বিদ্যালয় | ১৬২ | ১৯৯ | ৩৬১ | ৯ | ১ | ১০ |
| ২০ | | | ফুলবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১৭৪ | ২২০ | ৩৯৪ | ৫ | ৬ | ১১ |
| ২১ | | | সোনাহার উচ্চ বিদ্যালয় | ১৮১ | ২৫৩ | ৪৩৪ | ২ | ৫ | ৭ |
| ২২ | | | সোনাহার বন্দরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১০৯ | ১৩১ | ২৪০ | ৪ | ০ | ৪ |
| ২৩ | | | টেপ্রীগঞ্জ আদর্শ দ্বিমূখী উচ্চ বিদ্যালয় | ২৯২ | ৩০৮ | ৬০০ | ২১ | ১৬ | ৩৭ |
| ২৪ | | | কালিগঞ্জ সুকাতু প্রধান উচ্চ বিদ্যালয় | ১৯২ | ২১৫ | ৪০৭ | ১৫ | ৫ | ২০ |
| ২৫ | | | মির্জা গোলাম হাফিজ উচ্চ বিদ্যালয় | ১৭৯ | ১৯৬ | ৩৭৫ | ১০ | ৭ | ১৭ |
| ২৬ | | | বাগদহ উচ্চ বিদ্যালয় | ২০৭ | ২৩৪ | ৪৪১ | ১ | ১ | ২ |
| | | | **উপজেলার মোট** | **২১৯৮** | **২৫৭৭** | **৪৭৭৫** | **১২৭** | **৯৪** | **২২১** |

| ক্র. নং | জেলা | উপজেলা | পরীক্ষা কেন্দ্রের নাম | প্রাশিসপ মোট পরীক্ষার্থী (ইংরেজি ভার্সনসহ) | | | ইশিসপ মোট পরীক্ষার্থী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ছাত্র | ছাত্রী | মোট | ছাত্র | ছাত্রী | মোট |
| ২৭ | পঞ্চগড় | পঞ্চগড় সদর | কাজীরহাট উচ্চ বিদ্যালয় | ১৬৫ | ২২৩ | ৩৮৮ | ২৫ | ৩৫ | ৬০ |
| ২৮ | | | হাফিজাবাদ দ্বারিকামারী দ্বি-মূখী উচ্চ বিদ্যালয় | ১৫৯ | ১৮৩ | ৩৪২ | ৫২ | ২৯ | ৮১ |
| ২৯ | | | দেওয়ানহাট উচ্চ বিদ্যালয় | ১৮৭ | ২৬৮ | ৪৫৫ | ৭৬ | ৩৬ | ১১২ |
| ৩০ | | | গলেহা উচ্চ বিদ্যালয় | ১৪৭ | ২১৫ | ৩৬২ | ৩৭ | ৩৫ | ৭২ |
| ৩১ | | | কে.পি.উচ্চ বিদ্যালয় | ২০১ | ২৫৩ | ৪৫৪ | ৪১ | ২২ | ৬৩ |
| ৩২ | | | সাতমেরা ফুলবাড়ী দ্বিমূখী উচ্চ বিদ্যালয় | ২৪২ | ২৮৪ | ৫২৬ | ২৯ | ৮ | ৩৭ |
| ৩৩ | | | ঘাগড়া দ্বারিকামারী উচ্চ বিদ্যালয় | ২২২ | ৩০৩ | ৫২৫ | ২৯ | ২৪ | ৫৩ |
| ৩৪ | | | কমলাপুর উচ্চ বিদ্যালয় | ২৪৫ | ৩১০ | ৫৫৫ | ৬ | ৭ | ১৩ |
| ৩৫ | | | মাগুড়া প্রধানপাড়া দ্বিমূখী উচ্চ বিদ্যালয় | ১৯৫ | ২১৫ | ৪১০ | ১৬ | ৬ | ২২ |
| ৩৬ | | | ফুটকিবাড়ী উচ্চ বিদ্যালয় | ২৩৯ | ২৫৬ | ৪৯৫ | ০ | ০ | ০ |
| ৩৭ | | | পঞ্চগড় বি.পি সরকারী বালক উচ্চ বিদ্যালয় | ৪৪৯ | ৪৩৪ | ৮৮৩ | ৪১ | ৫৩ | ৯৪ |
| | | | **উপজেলার মোট** | **২৪৫১** | **২৯৪৪** | **৫৩৯৫** | **৩৫২** | **২৫৫** | **৬০৭** |
| ৩৮ | পঞ্চগড় | বোদা | সফিউদ্দীন উচ্চ বিদ্যালয় | ২০৫ | ১৮৪ | ৩৮৯ | ১১ | ৮ | ১৯ |
| ৩৯ | | | ময়দানদীঘি উচ্চ বিদ্যালয় | ২২৫ | ২৩৬ | ৪৬১ | ৩৬ | ১২ | ৪৮ |
| ৪০ | | | মানিকপীর উচ্চ বিদ্যালয় | ১৭২ | ২১০ | ৩৮২ | ২৬ | ১১ | ৩৭ |
| ৪১ | | | নবারুন উচ্চ বিদ্যালয় | ২২২ | ২৫৬ | ৪৭৮ | ৭ | ৫ | ১২ |
| ৪২ | | | বড়শশী উচ্চ বিদ্যালয় | ৩১৯ | ৩২৭ | ৬৪৬ | ৬ | ২১ | ২৭ |
| ৪৩ | | | মাড়েয়া মডেল উচ্চ বিদ্যালয় | ২৬০ | ২৪৪ | ৫০৪ | ১৬ | ১ | ১৭ |
| ৪৪ | | | চন্দনবাড়ী উচ্চ বিদ্যালয় | ১৭২ | ১৬৯ | ৩৪১ | ২৭ | ৭ | ৩৪ |
| ৪৫ | | | নাশির মন্ডলহাট দাখিল মাদ্রাসা | ১৩০ | ১৪৫ | ২৭৫ | ১ | ৩ | ৪ |
| ৪৬ | | | সাকোয়া উচ্চ বিদ্যালয় | ১৮৩ | ১৯১ | ৩৭৪ | ২২ | ৮ | ৩০ |
| ৪৭ | | | বৈরাতি উচ্চ বিদ্যালয় | ১৮২ | ১৮৩ | ৩৬৫ | ৯ | ১ | ১০ |
| ৪৮ | | | বোদা মডেল পাইলট স্কুল এন্ড কলেজ | ১৭৪ | ১৯৪ | ৩৬৮ | ০ | ০ | ০ |
| | | | **উপজেলার মোট** | ২২৪৪ | ২৩৩৯ | ৪৫৮৩ | ১৬১ | ৭৭ | ২৩৮ |
| | | | **জেলার মোট** | **৯৪৫৫** | **১০৮০৪** | **২০২৫৯** | **৯৩৯** | **৫৯৯** | **১৫৩৮** |

সুশৃঙ্খল ও সুষ্ঠুভাবে প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ পরিচালনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলোঃ

১। উপজেলা শিক্ষা অফিস হতে প্রেরিত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক উপস্থাপিত পঞ্চগড় জেলাধীন ৫টি উপজেলার প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার কেন্দ্রসমূহ সভায় অনুমোদন দেয়া হয়।

২। উপজেলা নির্বাহী অফিসার পরীক্ষা কেন্দ্র প্রতি একজন ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দিবেন। ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষা শুরুর পূর্বে পুলিশ প্রহরায় প্রশ্নপত্র কেন্দ্রে নিয়ে যাবেন এবং পরীক্ষা শেষে উত্তরপত্র উপজেলায় নিয়ে আসবেন।

৩। পরীক্ষা কেন্দ্রসমূহে আইন-শৃঙ্খলা এবং পরীক্ষার অন্যান্য ক্ষেত্রে নিরাপত্তা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ও আনসার সদস্য নিয়োগের জন্য যথাক্রমে পুলিশ সুপার ও জেলা অ্যাডজুট্যান্ট(আনসার ও ভিডিপি) পঞ্চগড়কে অনুরোধ করা হলো।

৪। উপজেলা নির্বাহী অফিসারগণ প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা কেন্দ্রের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনের জন্য ফৌঃ কাঃ বিঃ ১৪৪ ধারা জারী করা হবে। এ আদেশ পরীক্ষা আরম্ভ হওয়ার এক ঘন্টা পূর্ব হতে এবং পরীক্ষা শেষ হওয়ার পর এক ঘন্টা পর্যন্ত বলবৎ থাকবে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ফৌঃকাঃ বিঃ ১৪৪ ধারা যথাযথভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন।

৫। প্রশ্নপত্র থানায় সংরক্ষণ করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার যথাসময়ে প্রশ্নপত্র কেন্দ্রে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।

৬। পরীক্ষা সংক্রান্ত সকল কাজে সকল স্তরে গোপনীয়তা রক্ষা করতে হবে। বিশেষ করে উত্তরপত্র প্রস্তুত, কোডিং, কাটিং উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রস্তুত ও সংরক্ষণ ইত্যাদি কাজে সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করতে হবে। এ ক্ষেত্রে কোন পর্যায়ে কোন ব্যত্যয় গ্রহণযোগ্য হবে না।

৭। সিভিল সার্জন, পঞ্চগড় জেলার সকল পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। প্রতিটি বেঞ্চে ২ জনের আসন ব্যবস্থা করতে হবে। তবে প্রয়োজনে লম্বা বেঞ্চে(কমপক্ষে ৬ফুট) ৩ জনের আসনের ব্যবস্থা করা যেতে পারে।

৯। আইন-শৃঙ্খলার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গ, পরীক্ষা পরিচালনায় দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ব্যতিত অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। তবে সরকারি নির্দেশের আলোকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা ভিজিলেন্স টিমের সদস্যবৃন্দ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন।

১০। ভিজিলেন্স টীম প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ পর্যবেক্ষণ করবেন।

১১। এক ইউনিয়নের শিক্ষককে অন্য ইউনিয়নে কক্ষ পরিদর্শক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। নিজ সন্তান বা পোষ্য পরীক্ষার্থী থাকলে তাকে ঐ কেন্দ্রে নিয়োগ দেয়া যাবে না। কক্ষ পরিদর্শক, দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ কেন্দ্রে সকাল ১০:০০টার মধ্যে উপস্থিত থাকবেন।

১২। কেন্দ্র সচিব ব্যতিত পরীক্ষা কেন্দ্রে কোন পরীক্ষার্থী বা দায়িত্বপ্রাপ্ত কোন শিক্ষক/কর্মচারী মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

১৩। কোন কক্ষ পরিদর্শক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে কোন অনিয়মের অভিযোগ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। কোন পরীক্ষার্থী লুজশীট ব্যবহার করলে অবশ্যই উত্তরপত্রে স্ট্যাপলার ব্যবহার করতে হবে; কোনক্রমেই সুঁচ-সুতা ব্যবহার করা যাবে না।

১৫। ১৯ নভেম্বর ২০১৭ তারিখে পরীক্ষা শেষে কোড জেনারেট করতে হবে। রোল কোড জেনারেট ও প্রিন্টের পর উপজেলার সকল রোল শুরু থেকে শেষ পর্যন্ত জেনারেট হয়েছে কিনা যাচাই করে দেখতে হবে। যদি রোল রেঞ্জের কোন অংশ বাদ পড়ে থাকে তবে পুনরায় রোল কোড জেনারেট করতে হবে। সঠিক পাওয়ার পর তা গোপনীয়ভাবে সংরক্ষণ করতে হবে।

১৬। পরীক্ষা শেষে সকল কেন্দ্র হতে প্রাপ্ত উত্তরপত্র গোপনীয়তার সাথে সুবিধাজনক স্থানে নির্দিষ্ট সময়ের মধ্যে নীতিমালা অনুযায়ী কোডিং কাটিং এবং মূল্যায়নের পরবর্তী ব্যবস্থা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারগণকে অনুরোধ জানানো হলো।

১৭। কোডিং, কাটিং ও প্যাকেটিং পরীক্ষা শেষ হওয়ার পর পরই সম্পন্ন করতে হবে। ২০০ উত্তরপত্র একত্রে প্যাকেটিং ও সীলগালা করে ২টি বিষয়ের পরীক্ষার পর প্রতি ২ দিন অন্তর উত্তরপত্রসমূহ সংশ্লিষ্ট উপজেলায় প্রেরণ করতে হবে।

১৮। কোডিং কাটিং শেষে গোপনীয়তার সাথে এক উপজেলার উত্তরপত্র আরেক উপজেলায় Vice Versa না করে প্রেরণ করতে হবে। জেলা প্রশাসক, পঞ্চগড় ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৯। উত্তরপত্র মূল্যায়নের সময় উপজেলা কমিটি কর্তৃক মনোনীত ২ জন কর্মকর্তা কমপক্ষে ৫% উত্তরপত্র মূল্যায়ন যাচাই করবেন।

২০। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০৭.১৫.১৬৭১(৬৪) তারিখ- ১৪ সেপ্টেম্বর ২০১৭ মোতাবেক প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে-

ক. এক উপজেলা/থানার পরীক্ষার্থীদের উত্তরপত্র একই জেলার ভিন্ন ভিন্ন উপজেলা/থানার পরীক্ষক দ্বারা মূল্যায়ণ করতে হবে এবং মূল্যায়িত উত্তরপত্রের নম্বর মুদ্রণ করে টেবুলেশন সীট প্রস্তুতপূর্বক সীল স্বাক্ষরসহ মূল উপজেলায় প্রেরণ করতে হবে।

খ. জেলা কমিটি উত্তরপত্র মূল্যায়ণের প্লান অব অ্যাকশন তৈরী করবে।

গ. উত্তরপত্র মূল্যায়ণের ক্ষেত্রে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিভাগীয় শাস্তির ব্যবস্থা করতে হবে। অভিযুক্তদের নাম ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

ঘ. উত্তরপত্র মূল্যায়ণের টাকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং মাদরাসার শিক্ষকদের একই সাথে প্রদান করতে হবে।

২১। উত্তরপত্র পরিবহণ ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় প্রদত্ত বাজেট অনুযায়ী সংকুলান না হলে উপজেলা পরিষদ থেকে ব্যয় মেটানোর জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২২। ইংরেজি ভার্সনের পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পঞ্চগড় সদর উপজেলার ইংরেজি ভার্সনের উত্তরপত্র কোডিং কাটিং শেষে সুপারিনটেনডেন্ট, পঞ্চগড় পিটিআই, পঞ্চগড় এ প্রেরণ করবেন। সুপারিনটেনডেন্ট সংশ্লিষ্ট বিষয়ের ইনস্ট্রাক্টর এর মাধ্যমে মূল্যায়ন শেষে সংশ্লিষ্ট উপজেলায় প্রেরণ করবেন।

২৩। উপজেলা হতে প্রাপ্ত প্রধান পরীক্ষক, নিরীক্ষক ও পরীক্ষকগণের তালিকা অনুমোদিত হলো।

২৪। উত্তরপত্র প্রেরণ ও গ্রহণের বিষয়ে প্রমাণাদি আবশ্যিকভাবে জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রতিবেদন আকারে প্রেরণ করতে হবে।

২৫। উত্তরপত্রসমূহ উপজেলার কোন সুবিধাজনক স্থানে কেন্দ্রীয়ভাবে একসাথে মূল্যায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার যুক্তিসঙ্গত তত্ত্বাবধানের ব্যবস্থা গ্রহণ করবেন।

২৬। পরীক্ষকগণ উত্তরপত্র মূল্যায়ন শেষে নম্বরফর্দ ও মূল্যায়িত উত্তরপত্র নিরীক্ষা এবং যাচাইয়ের জন্য উপজেলার নির্ধারিত প্রধান পরীক্ষকের নিকট জমা দিবেন।

২৭। প্রধান পরীক্ষক উত্তরপত্র নিরীক্ষা ও যাচাই শেষে উপজেলা কমিটির নিকট জমা দিবেন।

২৮। উপজেলা কমিটি সীলগালাকৃত খামে নম্বরফর্দ ও উত্তরপত্র সংশ্লিষ্ট উপজেলায় পৌছানো নিশ্চিত করবেন।

২৯। প্রাপ্ত নম্বরসমূহ সঠিক ও নির্ভুলভাবে সংশ্লিষ্ট কোডের বিপরীতে সফটওয়ারে কঠোর গোপনীয়তার মধ্যে এন্ট্রির ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।

৩০। যে প্রতিষ্ঠান পরীক্ষা কেন্দ্র হিসেবে নির্বাচিত হবে সে প্রতিষ্ঠানের প্রধান শিক্ষককে কেন্দ্র সচিব ও একজন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিজ্ঞ প্রধান শিক্ষককে হল সুপার হিসেবে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ঐ পরীক্ষা কেন্দ্রে কেন্দ্র সচিব/হল সুপার/ সহঃ হল সুপারগণের নিজ সন্তান বা পোষ্য পরীক্ষার্থী থাকলে তাকে ঐ কেন্দ্রে নিয়োগ দেয়া যাবে না।

৩১। প্রতি বিষয়ে পরীক্ষার সময় ২:৩০মি.। বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে সময় হবে ২:৫০মি.।

৩২। পরীক্ষা ১ ঘন্টা অতিক্রান্ত হওয়ার পূর্বে কোন উত্তরপত্র জমা নেয়া যাবে না।

৩৩। প্রতি পরীক্ষা কেন্দ্রে ১টি সিক বেডের ব্যবস্থা রাখতে হবে। অসুস্থ পরীক্ষার্থী সিক বেডের জন্য আবেদন করলে সংশ্লিষ্ট উপজেলার মেডিকেল অফিসারের সনদের ভিত্তিতে কেন্দ্র সচিব সিক বেড এ পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন।

৩৪। পঞ্চগড় সদর উপজেলায় প্রশ্নপত্রের সাথে অতিরিক্ত প্রশ্নপত্রের প্যাকেট প্রদান করা হয়েছে। প্রয়োজনে সমন্বয় করা যেতে পারে তবে কোন অবস্থাতেই প্যাকেট খোলা যাবে না।

৩৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং উপজেলা শিক্ষা অফিসে কন্ট্রোল রুম খোলার সিদ্ধান্ত গৃহিত হয়।

৩৬। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সর্বশেষ নীতিমালা (সংশোধিত) ২০১৬ অনুসারে পরিচালনা করতে হবে।

অত:পর আর কোন আলোচনা না থাকায় কোমলমতি শিশুদের জীবনের প্রথম পাবলিক পরীক্ষা সুষ্ঠু ও শিশুবান্ধব পরিবেশে গ্রহণের বিষয়ে সকলের সর্বোচ্চ আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১১/১৭

অমল কৃষ্ণ মন্ডল
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা পরীক্ষা পরিচালনা কমিটি ২০১৭
পঞ্চগড়

স্মারক নং-৩৮.০১.৭৭০০.০০০.৩৩.০০১.১৭- ১৪২৫ তারিখ: ১৩/১১/২০১৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ
১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
২। পুলিশ সুপার, পঞ্চগড়।
৩-৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান, আটোয়ারী/তেঁতুলিয়া/দেবীগঞ্জ/পঞ্চগড় সদর/বোদা, পঞ্চগড়।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা/সার্বিক), পঞ্চগড়।
৯। মেয়র, পৌরসভা, পঞ্চগড়।
১০। সিভিল সার্জন, পঞ্চগড়।
১১-১৫। উপজেলা নির্বাহী অফিসার,আটোয়ারী/তেঁতুলিয়া/দেবীগঞ্জ/পঞ্চগড় সদর/বোদা, পঞ্চগড়।
১৬। জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়।
১৭-২০। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ..........................................................................পঞ্চগড়।
২১। সুপারিনটেনডেন্ট, পঞ্চগড় পিটিআই, পঞ্চগড়।
২২। জেলা তথ্য অফিসার, পঞ্চগড়।
২৩। জেলা অ্যাডজুট্যান্ট(আনসার ও ভিডিপি)
২৪-২৮। উপজেলা শিক্ষা অফিসার, আটোয়ারী/তেঁতুলিয়া/দেবীগঞ্জ/পঞ্চগড় সদর/বোদা, পঞ্চগড়।
২৯। অফিস নথি।

১৩/১১/১৭

মোঃ হারুনর রশিদ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত)
পঞ্চগড়

১৩.১১.১৭